

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৬

সেপ্টেম্বর ৩, ২০১৩  
তারিখ :-----  
ভদ্র ১৯, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

সরকার কর্তৃক চিহ্নিত রুগ্ন/বন্ধ প্রতিষ্ঠানের ঋণ হিসাব নিষ্পত্তি/অবসায়ন প্রসংগে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ- জুন ২০, ২০১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সার্কুলারের ক্রমিক (০৫) অনুযায়ী সরকার কর্তৃক চিহ্নিত রুগ্ন/বন্ধ প্রতিষ্ঠানসমূহকে সার্কুলার জারীর ২ (দুই) মাসের মধ্যে ঋণ গ্রহীতাকে সংশ্লিষ্ট ব্যাংকে আবেদন করতে হবে মর্মে যে নির্দেশনা প্রদান করা হয়েছে, সে আবেদন করার সময় এতদ্বারা আরও ২ (দুই) মাস বর্ধিত করা হলো। সার্কুলারটির অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নূরুল আমীন)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫১২৯৯৪